

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ঢাকা- ১০০০।

তারিখ : ০৫ মার্চ ২০২৩

৯৬তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষার বিজ্ঞপ্তি

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)-এর ৯৬তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা নতুন সিলেবাসে আগামী ২৬ মে এবং ০২ ও ০৯ জুন ২০২৩ তারিখে বিভাগীয় সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীরা তাদের সুবিধার্থে যেকোন বিভাগে পরীক্ষা দেয়ার জন্য কেন্দ্র নির্বাচন করতে পারবেন তবে পরবর্তীতে বদলীজনিত কারন ছাড়া কেন্দ্র পরিবর্তন করতে পারবেন না।

০২। পরীক্ষা সংক্রান্ত সমস্ত আবেদন অনলাইনের মাধ্যমে করতে হবে। ম্যানুয়ালি আবেদন করা যাবে না।

০৩। ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় JAIBB এবং AIBB পর্বের নতুন ও পুরাতন সকল পরীক্ষার্থীর জন্য পরীক্ষা ফি প্রতি বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকা। ৯৬তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় আবেদন করার সময় বিষয় নির্বাচনের ক্ষেত্রে পরীক্ষার্থীদেরকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। পরীক্ষার্থীগণ আবশ্যিক ও ঐচ্ছিক যে বিষয়টি নির্বাচন করবেন এবং ফিস পরিশোধ করবেন, সেই বিষয় ব্যতিত অন্য বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। কোন পরীক্ষার্থী তাঁর নির্বাচিত বিষয়ের বাইরে অন্য কোন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে।

০৪। ৯৬তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষার ফরম Online (<https://online.ibb.org.bd/>) এর মাধ্যমে দাখিল করতে হবে। Online এর মাধ্যমে ফরম Submission আগামী ০৭-০৩-২০২৩ তারিখ থেকে শুরু হবে এবং ২৭-০৩-২০২৩ তারিখ পর্যন্ত চলবে। উক্ত তারিখের পরে আবেদন ও পরীক্ষা ফি প্রদান করা যাবে না।

০৫। Online Form Submission সংক্রান্ত Instruction আইবিবি Website (<https://online.ibb.org.bd/>) -এ Upload করা হয়েছে। সে অনুযায়ী Online এ- Form Submission করতে হবে এবং পরীক্ষা ফিস Online এ Sonali Bank Account Transfer, Mobile Banking (Bkash, Nagad, Rocket) অথবা Card এর মাধ্যমে পরিশোধ করা যাবে। সেক্ষেত্রে আরোপিত চার্জ আবেদনকারীকে বহন করতে হবে।

০৬। আইবিবির “Regulations and Syllabus for Banking Professional Examinations, JAIBB and AIBB” এর ০৯ নং অনুচ্ছেদে AIBB পরীক্ষায় অংশগ্রহণ বিষয়ে নিম্নবর্ণিত বিধান রয়েছে :

No candidate will be allowed to sit for AIBB without passing all the subjects of JAIBB Examination. No candidate will also be allowed to sit simultaneously for both JAIBB and AIBB Examinations.

Regulations and Syllabus এর উপরোক্ত বিধান অনুযায়ী কোন পরীক্ষার্থী JAIBB পর্ব উত্তীর্ণ না হয়ে AIBB পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। যদি কোন পরীক্ষার্থী JAIBB পর্ব উত্তীর্ণ না হয়ে AIBB পর্বের পরীক্ষায় অংশ গ্রহণের লক্ষ্যে ফর্ম পূরণ করেন সেক্ষেত্রে উক্ত ফর্ম সরাসরি বাতিল করা হবে। কোন পরীক্ষার্থী JAIBB ও AIBB পর্ব পরীক্ষায় একসাথে অংশগ্রহণ করতে পারবেন না।

০৭। পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও সিলেবাস এবং Waiver সংক্রান্ত বিষয়াদি ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত “Regulations and Syllabus for Banking Professional Examinations, JAIBB and AIBB ” IBB Website এ পাওয়া যাবে।

মহাসচিব